দৈনিক ইনকিলাব

13

তারিখ ... NOV. 1? 1999
পৃষ্ঠা ... কলাম ৪

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

## বখশিবাজার, ঢাকা-১২১১

নং-পরীঃ/৮৩০/১০০০০/দাঃ-২০০০ তারিখ ঃ ০৪-১১-৯৯ ইং

# বিজ্ঞপ্তি

**সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ২০০০ সনে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার দাখিলা ফরম গ্রহণ ও ফিসসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ, ফিস-এর হার ও নিয়মাবলী নিম্নে দেওয়া হল।**

১। ক. মাদরাসা কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট হতে সকল পরীক্ষার্থীদের পরীক্ষার এন্ট্রি ফরম SIF ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ ০১-১২-৯৯ হতে ০৫-১২-৯৯ পর্যন্ত।

খ. সকল গ্রুপের পরীক্ষার্থীর দাখিলা ফরম ও ফিস, বিলম্ব ফি ছাড়া অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের জন্য ০২-১২-৯৯ তারিখ হতে ১৯-১২-৯৯ তারিখ পর্যন্ত এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের জন্য ০২-১২-৯৯ তারিখ হতে ২০-১২-৯৯ তারিখ পর্যন্ত।

গ. পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা বিলম্ব ফিসহ সকল গ্রুপের পরীক্ষার্থীদের দাখিলা ফরম ও ফি অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ ২১-১২-৯৯ হতে ২৭-১২-৯৯ পর্যন্ত।

পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার দাখিলা ফরম SIF ফরম নিজ হাতে পূরণ করতে হবে।

ঘ. বিবরণী ফরমের রেজিঃ নম্বরের ক্রমিক অনুযায়ী (প্রথমে নিয়মিত ছাত্র-ছাত্রী, অনিয়মিত ছাত্র-ছাত্রী এইভাবে সাজাতে হবে এবং এন্ট্রি ফরম একইভাবে সাজাতে হবে) ফরম সাজিয়ে জমা দিতে হবে। SIF ফরম দাখিলা ফরমের ক্রমিক অনুযায়ী সাজিয়ে আলাদাভাবে জমা দিতে হবে। কোন অবস্থাতেই তার ব্যতিক্রম করা চলবে না। দাখিলা ফরমে লিখিত তথ্যের (নাম, পিতার নাম, বয়স ইত্যাদি) সাথে বিবরণী SIF ফরমের বৃত্ত ভরাটের লিখিত তথ্যের মধ্যে পূর্ণ সামঞ্জস্য থাকতে হবে। কোন অবস্থাতেই এর অন্যথা করা যাবে না।

ঙ. প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ১ (এক) কপি টুপি/ওড়না সম্বলিত ফটো মাদরাসা প্রধান কর্তৃক সত্যায়িত করতঃ দাখিলা ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করে দিতে হবে।

চ. দাখিলা ফরমে ও বিবরণী ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে দাখিলা ফরম গ্রহণ করা হবে না। এ ধরনের কার্যক্রমের জন্য পরীক্ষার ফলাফল স্থগিতসহ মাদরাসা প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

### ২। নিয়মিত পরীক্ষার্থী

১৯৯৮ সনের রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীগণ ২০০০ সনের দাখিল পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

### ৩। অনিয়মিত পরীক্ষার্থী

১৯৯৬ ও ১৯৯৭ সনের রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী যারা ১৯৯৮ ও ১৯৯৯ সনের দাখিল পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ইচ্ছা করলে স্ব-স্ব মাদরাসার মাধ্যমে ২০০০ সনের দাখিল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে অবশ্যই ২০০০ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা দিতে হবে। কোন অবস্থাতেই তাদেরকে নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য করা হবে না।

### ৪। বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী

কেবলমাত্র ১৯৯৯ সনের দাখিল পরীক্ষায় ২য়/৩য় বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থীরা ইচ্ছা করলে ২০০০ সনের দাখিল পরীক্ষায় বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে নিজ নিজ মাদরাসার মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে নির্দিষ্ট সময়ের মধ্যে মাদরাসা প্রধানের মাধ্যমে বিভাগ উন্নয়ন পরীক্ষার রেজিস্ট্রেশন করতে হবে। কোন অবস্থাতেই মাদরাসা ও বিষয় পরিবর্তন করা যাবে না। তাদেরকে পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে ১৯৯৯ সনের দাখিল পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই সংযোজন করতে হবে। তাদেরকে ২০০০ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### ৫। পাঠ্যসূচী

সকল প্রকার পরীক্ষার্থীদের ২০০০ সনের পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### ৬। নির্বাচনী পরীক্ষা

বিভাগ উন্নয়ন হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থী ব্যতীত সকল প্রকার (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীকে অবশ্যই নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২৩-১১-৯৯ ইং তারিখের মধ্যে নির্বাচনী পরীক্ষা শেষ করতে হবে। প্রয়োজনবোধে বোর্ডকে নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র ও স্বাক্ষরলিপি সরবরাহ করতে হবে।

৭। কোন অবস্থাতেই এক মাদরাসার রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী অন্য মাদরাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতার বদলীজনিত কারণে নিয়মানুযায়ী মাদরাসা পরিবর্তন করে থাকলে মাদরাসা পরিবর্তনের প্রামাণ্য কাগজপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

৮। কোন পরীক্ষার্থী অত্র বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষা দিতে পারবে না। তবে মুজাব্বিদ বিভাগে কর্মরত শিক্ষকের ক্ষেত্রে তা শিথিলযোগ্য।

### ৯। ব্যাংক ড্রাফট করার নিয়ম

সকল প্রকার ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে করতে হবে। এখানে উল্লেখ্য যে, ব্যাংক ড্রাফটে মাদরাসার নাম উল্লেখ থাকতে হবে।

### ১০। ফি জমাদান পদ্ধতি

বিবরণী ফরমের এক কপি ও প্রয়োজনীয় ব্যাংক ড্রাফট একই সঙ্গে অত্র বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করে পরীক্ষা শাখায় সংশ্লিষ্ট সহকারীর নিকট পরীক্ষার্থীর আবেদন ফরম, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, **বিবরণী ফরম ও SIF হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই ডাকযোগে পাঠানো ফরম গ্রহণ করা হবে না।**

### ১১। ফি-এর হার

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি প্রতি পত্র | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পত্র | মার্ক সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থী | অনিয়মিত ফি (R.P) ফি প্রতি পরীক্ষার্থী | শিক্ষা সপ্তাহ ফি প্রতি পরীক্ষার্থী | ক্রীড়া ও এ্যাফেলিয়েশন ফি প্রতি মাদরাসা |
|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ৩০/- | ২০/- | ৩০/- | - | ০৫/- | - |
| অনিয়মিত পরীক্ষার্থী | ৩০/- | ২০/- | ৩০/- | ৬০/- | ০৫/- | ১০০/- |
| বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী | ৩০/- | ২০/- | ৩০/- | - | ০৫/- | - |

১১। কোনক্রমেই পরীক্ষার ফি নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদিতে জমা দেওয়া যাবে না। কোন অবস্থাতেই ডাকযোগে আবেদন ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র এবং ব্যাংক ড্রাফট পাঠানো যাবে না।

১২। কেন্দ্র ফি সাধারণ বিভাগের পরীক্ষার্থী প্রতি ১২৫/- (একশত পঁচিশ) টাকা এবং অন্যান্য বিভাগের পরীক্ষার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা (যা পরীক্ষা কেন্দ্রে জমা দিতে হবে)।

১৩। দাখিল, আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় যারা পরীক্ষক ও প্রধান পরীক্ষক নিযুক্ত হতে ইচ্ছুক তাদেরকে বোর্ডের নির্ধারিত ফরমে ৩১-১২-৯৯ তারিখের মধ্যে মাদরাসা প্রধানের মাধ্যমে আবেদন করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য ঃ বহিষ্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন অবস্থাতেই আবেদন ফরম পূরণ করা যাবে না।**

**প্রফেসর মোঃ মতিউর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৫০০৬৫৪

পি-১০৯২/৯৯